# আমি ভূতগ্রস্ত কবি

আমি ভূতগ্রস্ত এক সম্মোহনী শব্দের শিকারী;
আজন্ম তাড়িত আত্মা, অস্থির, প্রশান্ত, সিদ্ধবাক্ ;
যে তীক্ষ্ণ আঘাত করে, আমি পায়ে নত হই তারই,
যদি সে পোড়ায়, আমি পুড়ে পুড়ে হয়ে যাই খাক্,
এবং উদ্ভুত ছাই ভরে রাখি শব্দের কলসে ;
স্রোতে ভেসে যেতে যেতে যে খুঁজে ফিরছে খড়কুটো
ভাঙন - ভঙ্গুর পাড়ে দাঁড়িয়ে, নিজেরই মুদ্রাদোষে
টেনে তুলি তাকে। নেই আমারই আশ্রয় চালচুলো।

আমার পায়ের কাছে অনন্ত গহ্বর মুখ মেলে
প্রতীক্ষায় ; তার চাওয়া সামান্যই - খেতে চায় দেহ
জ্বলন্ত শরীর নিয়ে আমি ছুটি দর্পিত পা ফেলে ;
কখনো দিগন্ত জুড়ে হাত পাতি...বিশাল...সস্নেহ;
সেই হাতে ভিক্ষাপাত্র --প্রেম আর মৃত্যুর ভিখারী।

আমি ভুতগ্রস্ত কবি, সারাবিশ্ব গিলে খেতে পারি।

পবিত্র মুখোপাধ্যায়

সৃষ্টিসন্ধান